

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৭১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সাওমে বিসাল পালন করার ব্যাপারে নিষেধাজ্ঞা

# ذِكْرُ الزَّجْرِ عَنِ الْوِصَالِ فِي الصِّيَامِ

#### আরবী

3571 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنْ شُعْبَةُ عَنْ قَتَادَةَ: عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ: (لَا تُوَاصِلُوا) قَالُوا: إِنَّى اَسْتُ كَأَحَدِكُمْ إِنِّي أُطْعَمُ وأُسْقَى)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3571 | خلاصة حكم المحدث: صحيح: ق.

قَالَ أَبُو حَاتِمٍ: هَذَا الْخَبَرُ دَلِيلٌ عَلَى أَنَّ الْأَخْبَارَ الَّتِي فِيهَا ذكرُ وَضْعِ النَّبِيِّ صلى الله عليه وسلم الْحَجَرَ عَلَى بَطْنِهِ هِيَ كُلُّهَا أَبَاطِيلُ وَإِنَّمَا مَعْنَاهَا الحُجَزُ لَا الحَجَر والحُجَزُ طرفُ الْإِزَارِ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا كَانَ يُطْعِمُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَيَسْقِيهِ إِذَا طرفُ الْإِزَارِ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا كَانَ يُطْعِمُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَيَسْقِيهِ إِذَا وَاصلَ فَكَيْفَ يتركُه جَائِعًا مَعَ عَدَمِ الْوصالِ حَتَّى يَحْتَاجَ إِلَى شَدِّ حجرٍ عَلَى بَطْنِهِ وَمَا يُغنى الْحَجَرُ عن الجوع؟

#### বাংলা

৩৫৭১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা সাওমে বিসাল (একবার সাহারী খেয়ে তারপর ইফতার ও সাহারী না খেয়ে নিরবিচ্ছিন্নভাবে কয়েকদিন সিয়াম রাখা) পালন করবে না।" সাহাবীগণ বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি যে সাওমে বিসাল পালন করেন?" তিনি জবাবে বলেন, "নিশ্চয়ই আমি তোমাদের মতো নই। নিশ্চয়ই আমাকে খাওয়ানো হয় এবং পান করানো হয়।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীস প্রমাণ করে যে, যেসব হাদীসে বলা হয়েছে যে, রাসূল



সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পেটে পাথর বেঁধেছিলেন- এসবগুলোই বাতিল। বস্তুত সেসব হাদীসের অর্থ হবে الحُجَزُ; الحَجَر নয়। أَلَجُجَزُ नয়। الحُجَزُ (الحَجَر नয়। الحُجَزُ नয়। الحُجَزُ नয়। الحُجَزُ नয়। الحُجَزُ नয়। الحُجَزُ नয়। الحُجَزُ नয়। আৰ্থ লুঙ্গির পার্শ্ব। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সাওমে বিসাল করতেন, তখন আল্লাহ তাঁকে পানাহার করাতেন। কাজেই সাওমে বিসাল না করার সময় কিভাবে তাঁকে এমন ক্ষুধার্ত রাখবেন যে, তিনি পেটে পাথর বাঁধবেন? আর ক্ষুধায় পাথর কী-ই-বা উপকার করবে?"[2]

### ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৩৫; তিরমিয়ী: ৭৭৮; আবূ ইয়ালা: ২৮৭৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮২; সহীহুল বুখারী: ৭২৪১; সহীহ মুসলিম: ১১০৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৭০; সুনান বাইহাকী: ৪/২৮২; বাগাবী: ১৭৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৫৬৬)

[2] বিদ্বানগণ ইবনু হিব্বান রহিমাহুল্লাহর এই মন্তব্যের কড়া প্রতিবাদ করেছেন। দেখুন: ফাতহুল বারী: 8/২০৮। -অনুবাদক

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন